



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগের আয়োজনে “Bangabandhu’s Writerly Skills” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ নভেম্বর ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে “Bangabandhu’s Writerly Skills” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের আয়োজনে ১৪ নভেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৬ টায় এ ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। ইংরেজি বিভাগের চেয়ারম্যান ইয়াসিফ আহমদ ফয়সলের সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিচ এন্ড লিবার্টির পরিচালক ও ইউজিসি অধ্যাপক ড. ফকরুল আলম। আলোচনায় ড. ফকরুল আলম বলেন, কারাগারে অন্তরীন অবস্থায় বঙ্গবন্ধু তাঁর জীবন, রাজনৈতিক দর্শন ও ভাবনা চমৎকার শব্দ গাঁথুনিতে সহজাত প্রকাশ ঘটান তাঁর দিনলিপিতে। বঙ্গবন্ধুর গণ মানুষের কথা শোনার আগ্রহ, সে সম্বন্ধে গভীর ভবনা ও বিশ্লেষণ তাঁকে লেখক হিসেবে অনন্য করে তোলে। বাংলার নির্যাতিত নিপীড়িত মানুষের দুঃখ ও দুর্দশার যে কষ্ট তিনি ব্যক্তিগত ভাবে ধারণ করতেন তার বহিঃপ্রকাশই তাঁর লেখক সত্ত্বাকে জাগ্রত করে। আর এক্ষেত্রে প্রেরণা হিসেবে বঙ্গমাতার অবদানও বিশেষ ভূমিকা রাখে। ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সুমনা রানী সাহার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। আরও বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের শিক্ষার্থী শ্যামলিমা শাহীদ খান ও সজীব নন্দী। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস